



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ডাকবাংলা নং ৩২৫
ঢাকা
বাংলাদেশ
www.bangladesh-bank.org.bd

কৃষিক্ষেত্র ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ
(কৃষি ঋণ উপ-বিভাগ)

ফ্যাক্স : ৮৮-০২-৭১১৯৪৯৯

সূত্র নং-এসিএসপিডি সার্কুলার লেটার নং : ০৭

১৫ কার্তিক, ১৪১৫

তারিখ : -----

৩০ অক্টোবর, ২০০৮

বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক এবং
বিআরডিবি ও বিএসবিএল

কৃষিভিত্তিক শিল্প চিহ্নিতকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে অত্র কার্যালয় হতে গত ০৭/০৯/২০০৩ ও ১৬/০১/২০০৬ তারিখে জারীকৃত এসিএসপিডি সার্কুলার নং যথাক্রমে ০৪ ও ০১ এবং তদুপরবর্তীতে গত ১১/০১/২০০৭ ও ২৬/০৬/২০০৮ তারিখে জারীকৃত এসিএসপিডি সার্কুলার লেটার নং যথাক্রমে ০১ ও ০৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লিখিত সার্কুলারসমূহের সংযোজনী-“ক” এর কৃষিভিত্তিক শিল্পের তালিকায় “সরিষার তেল প্রস্তুতকারী শিল্প; (যদি দেশীয় সরিষা ব্যবহার করা হয়)”-কে সন্নিবেশিত করা হলো।

এ সংক্রান্ত একটি হালনাগাদ তালিকা এতদসঙ্গে সংযোজন করা হলো।

উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

সংযোজনী : বর্ণনামতে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল হক)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৯৪৭

কৃষিভিত্তিক শিল্পের তালিকা-(সংশোধিত)

- ১। প্রক্রিয়াকরণকৃত ফলজাত খাদ্য (জ্যাম, জেলি, জুস, আচার, শরবত, সিরাপ, সস ইত্যাদি) উৎপাদনকারী শিল্প;
- ২। ফল (টমেটো, আম, পেয়ারা, ইক্ষু, কাঁঠাল, লিচু, আনারস, নারিকেল ইত্যাদি) শাক-সব্জি, ডাল প্রক্রিয়াকরণ;
- ৩। ব্রেড এন্ড বিস্কুট, সেমাই, লাচ্ছা, চানাচুর, নুডুলস্ ইত্যাদি প্রস্তুতকরণ;
- ৪। আটা, ময়দা, সুজি প্রস্তুতকরণ;
- ৫। মাশরুম ও স্পিরুলিনা প্রক্রিয়াকরণ;
- ৬। ষ্টার্চ, গ্লুকোজ, ডেস্কট্রোজ এবং অন্যান্য ষ্টার্চ পণ্য উৎপাদনকারী শিল্প;
- ৭। দুগ্ধ প্রক্রিয়াকরণ (দুগ্ধ পাস্তুরিতকরণ, গুঁড়ো দুগ্ধ, আইসক্রিম, কনডেন্সড মিল্ক, মিষ্টি, পনির, ঘি, মাখন, চকোলেট, দধি ইত্যাদি);
- ৮। আলু থেকে প্রক্রিয়াজাত খাদ্য (চিপস, পটেটো ফ্লেঞ্চ, ষ্টারস্ ইত্যাদি) উৎপাদনকারী শিল্প;
- ৯। বিভিন্ন গুড়া মসলা উৎপাদনকারী শিল্প;
- ১০। ভোজ্য তেল পরিশোধন ও হাইড্রোজিনেশন ;
- ১১। লবন প্রক্রিয়াজাতকরণ শিল্প;
- ১২। চিংড়ি ও অন্যান্য মাছ প্রক্রিয়াজাতকরণ ও হিমায়িতকরণ;
- ১৩। হারবাল ও ভেষজ কস্মেটিক্স প্রস্তুতকারী শিল্প;
- ১৪। ইউনানী, আয়ুর্বেদিক ঔষধ প্রস্তুতকারী শিল্প;
- ১৫। হাঁস, মুরগী ও গবাদি পশু ও মাছ এর জন্য সুষম খাদ্য প্রস্তুতকারী শিল্প;
- ১৬। বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ;
- ১৭। পাটজাত দ্রব্য প্রস্তুতকরণ (যেমন দড়ি, সূতা, টোয়াইন, চট, থলে, কার্পেট, পাটের সেভেল প্রভৃতি);
- ১৮। রেশম বস্ত্র উৎপাদনকারী শিল্প;
- ১৯। কৃষিজাত পণ্য উৎপাদনে সহায়ক যন্ত্রশিল্প স্থাপন, মেরামত প্রভৃতি;
- ২০। চাল, মুড়ি, চিড়া, খৈ ইত্যাদি প্রস্তুতকরণ;
- ২১। সুগন্ধি চাল ;
- ২২। চা প্রক্রিয়াকরণ শিল্প ;
- ২৩। নারিকেল তেল প্রস্তুতকারী শিল্প; (যদি দেশীয় নারিকেল হতে সংগৃহীত **copra** ব্যবহার করা হয়) ;
- ২৪। রাবার টেপ, লাক্সা প্রক্রিয়াজাতকরণ;
- ২৫। কোল্ড ষ্টোরেজ (কৃষকদের উৎপাদিত খাবার আলু ও বীজ আলু, ফলমূল, শাক-সব্জী প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ);
- ২৬। কাঠ, বাঁশ ও বেতের আসবাব তৈরী/উৎপাদন (কুটির শিল্প ছাড়া);
- ২৭। ফুল সংরক্ষন ও রঙানীকারক প্রতিষ্ঠান;
- ২৮। মাংস প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান;
- ২৯। জৈব সার, মিশ্র সার, গুটি ইউরিয়া ইত্যাদি তৈরী ;
- ৩০। বায়োপেপ্টিসাইড, নীম উৎপাদিত পেপ্টিসাইড ইত্যাদি তৈরী ;
- ৩১। মৌমাছির চাষ/মধু তৈরীর প্রকল্প;
- ৩২। বাজারজাত দ্রব্যাদির তৈরীর প্রকল্প;
- ৩৩। পার্টিকেল বোর্ড;
- ৩৪। সরিষার তেল প্রস্তুতকারী শিল্প; (যদি দেশীয় সরিষা ব্যবহার করা হয়);